

পাসপোর্টে ফিরলো ‘এক্সসেপ্ট ইসরায়েল’

- A Monitor Desk Report

Date: 14 April, 2025



ঢাকাঃ বাংলাদেশের পাসপোর্টে আবার ‘এক্সসেপ্ট ইসরায়েল’ শব্দ দুটি পুনর্বহাল করা হয়েছে। এখন থেকে আবার বাংলাদেশের পাসপোর্ট ব্যবহার করে আর ইসরায়েল ভ্রমণ করা যাবে না।

রবিবার (১৩ এপ্রিল) স্বরাষ্ট্র মন্ত্রণালয় সুরক্ষা সেবা বিভাগ বহিরাগমন-৪ শাখা থেকে এ-সংক্রান্ত এক প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

এ বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের উপসচিব নীলিমা আফরোজ বলেন, ‘পাসপোর্টে নতুন করে “এক্সসেপ্ট ইসরায়েল” বিষয়টি বহাল করা হয়েছে। এ নিয়ে একটি প্রজ্ঞাপনও জারি করা হয়েছে।’ তার স্বাক্ষরিত প্রজ্ঞাপনে বলা হয়েছে, উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে যথাযথ প্রক্রিয়া অবলম্বন করে আগের মতো বাংলাদেশি পাসপোর্টে ‘এক্সসেপ্ট ইসরায়েল’ শব্দ পুনর্বহালের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

এর আগে বাংলাদেশের পাসপোর্টে লেখা থাকত, ‘এই পাসপোর্ট বিশেষের সব দেশের জন্য বৈধ, ইসরায়েল বাদে’। তবে, ২০২০ সালে শেখ হাসিনার সরকার দেশে নতুন ই-পাসপোর্ট চালু করলে সেই পাসপোর্টগুলো থেকে এই লেখা বাদ দেয়। এমনকি এ বিষয়ে কোনো ঘোষণাও দেওয়া হয়নি।

-B